

উপজেলা মৎস্য অফিস কর্তৃক সীমিত পরিবেশগত মূল্যায়ন (Limited Environmental Assessment: LEA) কার্যক্রম পরিচালন নির্দেশিকা

পরিবেশের স্থিতিশীলতা বজায় রাখার জন্য ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২) “এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট ফ্রেমওয়ার্ক (Environmental Management Framework: EMF)” এর আওতায় কাজ করে যাচ্ছে। পাশাপাশি ‘উত্তম মৎস্যচাষ অনুশীলন’ (Good Aquaculture Practice: GAP) অনুসরণ করা প্রকল্পে ইতোমধ্যে বাধ্যতামূলক করা হয়েছে। GAP এর প্রধান প্রধান বিষয়গুলো EMF এ অন্তর্ভুক্ত। এসবের উদ্দেশ্য: পুকুরের পরিবেশের ওপর সম্ভাব্য নেতিবাচক প্রভাবগুলো মূল্যায়ন করে সে অনুযায়ী পরিবেশ সুরক্ষার জন্য **পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা (Environmental Management Plan: EMP)** প্রণয়ন এবং তা মাঠ পর্যায়ে বাস্তবায়ন করা। যেহেতু প্রদর্শনী কার্যক্রমের প্রভাব অপেক্ষাকৃত সীমিত (Limited), নির্দিষ্ট এলাকায় সীমাবদ্ধ (Localized) এবং পরিবর্তনযোগ্য (Reversible) অর্থাৎ পূর্বাবস্থায় ফিরিয়ে আনা সম্ভব, সেহেতু এই ধরনের মূল্যায়নকে **সীমিত পরিবেশগত মূল্যায়ন (Limited Environmental Assessment: LEA)** বলা হয়। প্রতিটি প্রদর্শনীর LEA পরিচালনায় প্রকল্পভুক্ত প্রতিটি উপজেলা অফিসকে নিম্নোক্ত কার্যাবলি ধারাবাহিকভাবে অনুসরণ করতে হবে:

১. সিআইজির বার্ষিক সম্প্রসারণ কর্ম পরিকল্পনায় LEA কার্যক্রম অন্তর্ভুক্ত থাকবে। এ ব্যাপারে উপজেলা অফিস কারিগরি পরামর্শ প্রদান করবে;
২. সিআইজির বার্ষিক সম্প্রসারণ কর্ম পরিকল্পনায় অন্তর্ভুক্তির পর উপজেলা সম্প্রসারণ পরিকল্পনায়ও এটি যথারীতি অন্তর্ভুক্ত হবে;
৩. উক্ত প্রতিটি প্রদর্শনীতে LEA পরিচালনার জন্য প্রথমে LEA ছকপত্রের (সংযুক্ত) ‘ক’ অংশ ও ‘খ’ অংশ এবং পরে ‘গ’ অংশ পূরণ করতে হবে;
৪. ছকপত্র ‘খ’ অংশ এর ভিত্তিতে ‘গ’ অংশ পূরণ করতে হবে;
৫. প্রতিটি উপজেলার সকল মৎস্যচাষ প্রদর্শনীর ‘গ’ অংশসমূহ যুক্ত করে উপজেলার **পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা** প্রণীত এবং বাস্তবায়িত হবে।
 - উল্লেখ্য, যদি কোন নেতিবাচক প্রভাব চিহ্নিত হয় তবে তা উপশমের জন্য সম্ভাব্য কাজসমূহ লিখতে হবে এবং তার জন্য প্রয়োজনীয় অর্থের বিষয়টি ‘গ’ অংশে উল্লেখ করতে হবে। যদি কোন নেতিবাচক প্রভাব না থাকে তবে তা উল্লেখ করে উপজেলার প্রদর্শনী ভিত্তিক কার্যক্রম সমাপ্ত করতে হবে। মনে রাখতে হবে, পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা প্রদর্শনী কার্যক্রমের কারিগরি ও আর্থিক প্রয়োজনীয়তা তুলে ধরবে। উল্লেখ্য, অর্থের প্রয়োজন থাকলে সিআইজি কর্তৃপক্ষ তা বহন করবে;
 - LEA বাস্তবায়ন সংশ্লিষ্ট লিফ এবং সিআইজি নেতৃত্ব সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার নির্দেশ মোতাবেক সকল সহযোগিতা প্রদান করবেন;
 - **পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা** প্রদর্শনীর কার্যক্রমের অংশ হিসেবে বিবেচিত হবে। অতএব কোন প্রদর্শনী ক্ষেত্র চিহ্নিত করার সময় পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন সমাপ্ত করতে হবে;
 - ‘গ’ অংশের ভিত্তিতে প্রদর্শনীর কার্যক্রম সমাপ্তির অব্যবহৃত পর উপজেলা কর্তৃপক্ষ এতদসংক্রান্ত উপজেলা প্রতিবেদন **সংযুক্তি -১** অনুযায়ী প্রণয়ন করে প্রকল্প বাস্তবায়ন ইউনিট- মৎস্য অধিদপ্তর এর নিকট পাঠাবেন।

মৎস্যচাষ প্রযুক্তি প্রদর্শনীর সীমিত পরিবেশগত মূল্যায়ন ছকপত্র

‘ক’ অংশ: সাধারণ তথ্য

সিআইজির নাম:.....

ইউনিয়ন:.....

উপজেলা:.....

জেলা :.....

প্রদর্শনীর জন্য নির্বাচিত প্রযুক্তির নাম:

‘খ’ অংশ: মৎস্যচাষ প্রদর্শনীর প্রযুক্তি ব্যবহারে পরিবেশের ওপর সম্ভাব্য নেতিবাচক প্রভাবসমূহ:

প্রদর্শনী বাস্তবায়নকালে নিম্নলিখিত নেতিবাচক প্রভাবসমূহের সম্ভাবনা থাকলে সংশ্লিষ্ট বক্সে টিক (✓) দিতে হবে:

- প্রদর্শনী পুকুরটির আশপাশের জলাশয়ের (যেমন খাল, নিচু জলাভূমি, ইত্যাদি) পানি প্রবাহে বাঁধা দিচ্ছে।
- আশপাশের জলাশয়ের পানি দূষিত/নোংরা, ফলে পুকুরের পানি দূষিত হওয়ার সম্ভাবনা আছে।
- প্রদর্শনী পুকুরটি বন্যা কবলিত হতে পারে।
- ক) রাসায়নিক দ্রব্য, খ) সরবরাহকৃত খাদ্য, গ) সার, এবং ঘ) এন্টিবায়োটিক ব্যবহারের ফলে প্রদর্শনী পুকুরের পানি দূষিত হওয়ার সম্ভাবনা আছে।
- নূতন এবং উন্নত প্রজাতির মাছ চাষের ফলে দেশী জাতের মাছসহ অন্যান্য জলজ প্রাণীর জীববৈচিত্র্য হুমকিতে পরতে পারে।
- আশপাশের বাড়ী থেকে প্রদর্শনী পুকুরে বর্জ্য ফেলার সম্ভাবনা আছে।
- অন্য কোন উৎসের নেতিবাচক প্রভাব (যদি থাকে তা লিখতে হবে).....।

‘খ’ অংশে কোন নেতিবাচক প্রভাব চিহ্নিত না হলে পরবর্তী ‘গ’ অংশ প্রযোজ্য নয়।

ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম
ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা- ১০০০।

সীমিত পরিবেশগত মূল্যায়ন (Limited Environmental Assessment: LEA) প্রতিবেদন ছকপত্র

মৎস্যচাষ প্রযুক্তি প্রদর্শনীসমূহের উপজেলা প্রতিবেদন ছকপত্র

জেলা..... উপজেলা..... মোট ইউনিয়ন..... টি

১. উপজেলায় -..... অর্থবছরে বাস্তুবায়ামীন মোট প্রদর্শনীর সংখ্যা..... টি
২. নেতিবাচক প্রভাবসমূহ উপশমের জন্য গৃহীত ব্যবস্থাটির অন্তর্ভুক্ত মোট প্রদর্শনী সংখ্যা..... টি
৩. নেতিবাচক প্রভাবসমূহ ও গৃহীত ব্যবস্থা

নেতিবাচক প্রভাবসমূহের তালিকা	নেতিবাচক প্রভাবসমূহ উপশমার্থে গৃহীত ব্যবস্থা (দি)
১.১	১.১
১.২	১.২
১.৩	১.৩

সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তার স্বাক্ষর তারিখ ও সিল